

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
dwa.gov.bd

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”
অতিব জরুরী

স্মারক নংঃ ৩২.০১.০০০০.১২.০২০.৫৮.২০.৫০৪

তারিখঃ ১৯/০৫/২০২০

বিষয়ঃ ঘূর্ণিঝড় আম্পান এর সম্ভব্য ক্ষয়ক্ষতি মোকাবেলায় জেলা ও উপজেলাসমূহের জনগণকে সার্বক্ষনিক সহযোগিতা প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুপার সাইক্লোন আম্পান এগিয়ে আসছে উপকূলের দিকে। এই প্রলংকারী ঝড় উপকূলের ১৪ জেলায় তন্ডব চালাতে পারে। ঘূর্ণিঝড় এবং অমাবস্যার প্রভাবে উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষ্মীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরগুলোর নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ৪ থেকে ৫ ফুট অধিক উচ্চতার জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে। ঘূর্ণিঝড় অতিক্রমকালে সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষ্মীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম জেলাসমূহ এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরগুলোতে ভারী থেকে অতি ভারী বর্ষণসহ ঘণ্টায় ১৪০ থেকে ১৬০ কিমি বেগে দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এমতাবস্থায় উক্ত জেলার উপপরিচালক ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের সংশ্লিষ্ট জেলা উপজেলার নারী, শিশু, প্রতিবন্ধী ও বয়স্কদের নিরাপত্তার জন্য স্থানীয় প্রশাসনের সহযোগিতায় সার্বক্ষনিক সহায়তা প্রদানের জন্য নির্দেশক্রমে বলা হল। এবং যে কোন প্রয়োজনে ১০৯ কল করা যেতে পারে। উল্লেখ্য যে দুর্যোগ পরবর্তী সময়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন এর ক্ষেত্রে সর্বাঙ্গিক সহযোগিতা জন্য অনুরোধ করা হল।



মোঃফখরুল কবির
পরিচালক(যুগ্মসচিব)
ফোন- ৯৩৩৬০৬৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রদানঃ

- ১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

